বণিক বার্তা

# উত্তরা ইউনিভার্সিটিতে ১৪ দিনব্যাপী ভর্তি মেলা শুরু

প্রকাশ: বৃহস্পতিবার ৯ জানুয়ারি ২০২৫, ০২:৫২

Source: https://bonikbarta.com/




**উত্তরা ইউনিভার্সিটিতে স্প্রিং ২০২৫ সেমিস্টারের ১৪ দিনব্যাপী ভর্তি মেলা শুরু হয়েছে।**

উত্তরা ইউনিভার্সিটিতে স্প্রিং ২০২৫ সেমিস্টারের ১৪ দিনব্যাপী ভর্তি মেলা শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসে গতকাল এ আয়োজনের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. ইয়াসমীন আরা লেখা। মেলায় বিভিন্ন বিভাগ ও ক্লাবের ২৭টি স্টল রয়েছে। যেখানে স্নাতক প্রোগ্রামে ২৫-১০০ শতাংশ এবং স্নাতকোত্তর প্রোগ্রামে ২৫-৫০ শতাংশ বৃত্তিতে ভর্তি চলছে। উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. গৌর গোবিন্দ গোস্বামীসহ বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান, পরিচালক ও শিক্ষক-শিক্ষার্থী। ভর্তি মেলা চলবে ২১ জানুয়ারি পর্যন্ত। —বিজ্ঞপ্তি